

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১৫

১/ বিবিধ

আরবী

اذكروا الله ذكرا يقول المنافقون: إنكم تراءون  
ضعيف جدا

رواه الطبراني (3 / 77 / 1) وعنه أبو نعيم في " الحلية " (3 / 80 - 81) بسنده عن  
سعيد بن سفيان الجحدري عن الحسن بن أبي جعفر عن عقبة بن أبي ثبيت الراسبي  
عن أبي الجوزاء عن ابن عباس مرفوعا  
وقال: " غريب لم يوصله إلا سعيد عن الحسن "  
قلت: والحسن هذا ضعيف جدا، وقد ذكر له الذهبي أحاديث وصفها بأنها " من بلايا  
"! وقد مضى أحدها برقم (295) . وسعيد بن سفيان قال ابن حبان: " كان ممن  
يخطيء ". قلت: فلعله أخطأ في وصل هذا الحديث  
عن ابن عباس، فقد ذكر المنذري (2 / 230) أن البيهقي رواه عن أبي الجوزاء مرسلا.  
والله أعلم. ثم تبين لي أنه يحتمل أن يكون الخطأ من شيخه الحسن، بل هو الأقرب  
لشدة ضعفه، ولأنه ورد من طريق أخرى عن عمرو بن مالك عن أبي الجوزاء مرسلا  
وهو: (الاتي)

বাংলা

৫১৫। তোমরা আল্লাহকে এমনভাবে স্মরণ করো যাতে করে মুনাফিকরা বলে যে, তোমরা দেখানোর জন্য তা করছ।

হাদীছটি নিতান্তই দুর্বল।

হাদীছটি তাবারানী (৩/৭৭/১) এবং তার থেকে আবু নোয়াইম “আল-হিলইয়্যাহ” (৩/৮০-৮১) গ্রন্থে স্বীয় সনদে সাঈদ ইবনু সুফিয়ান আল-জাহদারী হতে তিনি আল-হাসান ইবনু আবী জাফর হতে ... তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ হাদীছটি গারীব। আল-হাসান হতে সাঈদ ছাড়া অন্য কেউ মওসূল সনদে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ এই হাসান খুবই দুর্বল। ইমাম যাহাবী তার কতিপয় হাদীছ উল্লেখ করে সেগুলো সম্পর্কে বলেছেনঃ এগুলো তার সমস্যাগুলোর অন্তর্ভুক্ত।

ইবনু হিব্বান সাঈদ সম্পর্কে বলেনঃ তিনি ভুলকারীদের অন্তর্ভুক্ত ছিলেন।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তিনিই ইবনু আব্বাস (রাঃ) হতে মুত্তাসিল হিসাবে বর্ণনা করতে গিয়ে ভুল করেছেন। কারণ বাইহাকী আবুল জাওয়া হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর আমার নিকট স্পষ্ট হয়েছে যে, শাইখ আল-হাসান বেশী দুর্বল হওয়ার কারণে ভুলটি তার থেকেই ঘটেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71394>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন